

গতকাল গভর্নমেন্ট ল্যাবরেটরী স্কুলে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র এবং অপেক্ষমাণ

# সরকারী স্কুলে ভর্তিযুদ্ধের প্রথম দিনে দেড় হাজার আসনের জন্য প্রার্থী ছিল ২০ হাজার

ইত্তেফাক রিপোর্ট ॥ নগরীর সরকারী স্কুলসমূহে ৩ দিনব্যাপী ভর্তি পরীক্ষা শুরু হইয়াছে। গতকাল মঙ্গলবার প্রথম দিনে ৮টি সরকারী স্কুলে মাত্র দেড় হাজার আসনের জন্য প্রায় ২০ হাজার ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নেয়। বেশ কয়েকটি স্কুলে ভর্তিচ্ছু এবং অভিভাবকদের ভীড়

(১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## সরকারী স্কুলে ভর্তি যুদ্ধ

(শেষ পৃষ্ঠার পর)

সামলাইতে কর্তৃপক্ষ হিমশিম খান। বিশেষ করিয়া গভর্নমেন্ট ল্যাবরেটরী স্কুল, মতিঝিল সরকারী উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়ে উল্লেখযোগ্য সংখ্যক ছাত্র ভর্তি পরীক্ষায় অংশ নেয়। ভর্তি পরীক্ষা চলাকালে প্রতিটি স্কুলের সম্মুখে অভিভাবকদের ভীড়ের কারণে রাস্তায় যানজটের সৃষ্টি হয়।

এই প্রথমবারের মত গতকাল নগরীর ২টি স্কুলে স্বতন্ত্রভাবে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হইয়াছে। ৫০টি আসনের জন্য গভর্নমেন্ট ল্যাবরেটরী স্কুলে ছেলেরা এবং মতিঝিল সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ে মেয়েরা পরীক্ষায় অংশ নেয়। দেশের অন্যতম সেরা স্কুল গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলে গতকাল প্রথম, দ্বিতীয়, তৃতীয়, ৪র্থ ও ৬ষ্ঠ শ্রেণীর ২৯১টি আসনে প্রায় ৫০০০ ছাত্র পরীক্ষা দেয়। এই বার ভর্তি পরীক্ষা অত্যন্ত সুশৃঙ্খলভাবে অনুষ্ঠিত হইয়াছে। কর্তৃপক্ষ, পুলিশ বাহিনী, শিক্ষক ও ছাত্রদের অক্লান্ত পরিশ্রমে গতকাল অতীতের সকল রেকর্ড ভঙ্গ করিয়া সুষ্ঠুভাবে ছাত্ররা পরীক্ষা দিয়া ফিরিয়াছে। অতীতে শুধু এই স্কুলে প্রথম শ্রেণীতে সাধারণতঃ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইত এবং অন্যান্য শ্রেণীর শূন্য আসন বেশীরভাগ গোপনে পূরণ করা হইত। অভিযোগ, ইহার পিছনে ছিল মোটা অংকের টাকা লেনদেন। কয়েকজন শিক্ষক ইহার সত্যতা স্বীকার করিয়াছেন। প্রধান শিক্ষক মোহাম্মদ নাসির উদ্দিন বলিয়াছেন, প্রথম শ্রেণীসহ যেকোন শ্রেণীতে যে কয়েকটি আসন শূন্য থাকিবে, উহা পরীক্ষার মাধ্যমে মেধার ভিত্তিতে ভর্তি করা হইবে। কোন অবস্থাতেই গোপনে কিংবা তদ্বিরে ভর্তি করা হইবে না বিধায় প্রথম শ্রেণী ছাড়া অন্যান্য শ্রেণীর শূন্য আসনেও এইবার ভর্তির বিজ্ঞপ্তি দেওয়া হইয়াছে। প্রথম শ্রেণীর ২৪০টি আসনের জন্য ২৭০০ জন, দ্বিতীয় শ্রেণীর ১৩টি আসনের জন্য ৪৭০ জন, তৃতীয় শ্রেণীর ৭টি আসনের জন্য ৬২৫ জন, ৪র্থ শ্রেণীর ৭টি আসনের জন্য ৪৭৫ জন ও ৬ষ্ঠ শ্রেণীর ২৪টি আসনের জন্য ৪০০ জন অংশগ্রহণ করে। আগামী শুক্রবার বিকাল ৩টায় লিখিত পরীক্ষায় নির্বাচিতদের ফলাফল ঘোষণা এবং আগামী শনিবার সকাল ১০টায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের আগামী ১৫ই জানুয়ারী প্রভাতী শাখায় সকাল সাড়ে ৭টায় এবং দিবা শাখায় দুপুর ১২টায় স্ব-স্ব শ্রেণীতে ভর্তি করা হইবে বলিয়া প্রধান শিক্ষক জানান।

আজ বুধবার দ্বিতীয় দিনে ৮টি স্কুল যথাক্রমে, মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয় এবং বালিকা উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ, ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

১১ই জানুয়ারী সি গ্রুপের আওতায় ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলানগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, টিকাটুলী কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরকারী বালক উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।